66176 - যে ব্যক্তি একাকী রমজান মাসের নতুন চাঁদ দেখেছে তার জন্য কি সিয়াম পালন করা অনিবার্য?

প্রশ্ন

প্রশ্ন: যে ব্যক্তি একাকী রমজান মাসের নতুন চাঁদ দেখেছে তার জন্য কি সিয়াম পালন করা অনিবার্য? যদি তা অনিবার্য হয় এর সপক্ষে দলীল কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্তপ্রশংসাআল্লাহরজন্য। যেব্যক্তিরমজান মাসের নতুন চাঁদঅথবাশাওয়ালমাসেরনতুন চাঁদএকাইদেখেছেএবংএব্যাপারেবিচারককে অথবাস্থানীয়লোকজনকেঅবহিত করেছেকিন্তুতারাতারসাক্ষ্যগ্রহণকরেনিতবেকিসেএকাইরোজোপালনকরবে?নাকিসবারসাথেরোজোপালনকরবে-এব্যাপারে আলেমগণেরমাঝেতিনটিঅভিমতরয়েছে: প্রথমমত:

সেব্যক্তি মাসের শুরু ও সমাপ্তি উভয় ক্ষেত্রে তারনিজেরদেখাঅনুসারে একাকীআমলকরবে।মাসেরশুরুতেতিনি একাকী রোজোশুরুকরবেনএবংমাসেরশেষেনিজের দেখা অনুযায়ী রোজো ছাড়বেন।এটাইইমামশাফেয়ীরঅভিমত।

তবেতিনি তাগোপনেকরেবেন।প্রকাশ্যেমানুষেরবিরুদ্ধাচরণলেপ্তিহবেননা।যাতেমানুষতারসম্পর্কেখারাপধারণানাকরে।কারণএক্ষেত্রেরোজো দারগণতাকেবে-রোজেদারমনে করবে। দ্বিতীয় মত :

সে ব্যক্তনিজেরদেখাঅনুসারেমাসেরশুরুতেআমলকরবেনএবংএকাকীরোজো রাখা শুরুকরবেন। তবেমাসেরশেষেনিজেরদেখাঅনুসারেআমলকরবেন না।বরংঅন্যসবারসাথেরোজো ছাড়বেনকরবে।এটাঅধিকাংশ আলেমেরমত। এদেরমধ্যেরয়েছেনইমামআবুহানিফা, ইমামমালেকওইমামআহমাদ রাহিমাহুমুল্লাহ।

আর এ মতটি গ্রহণ করেছেন শাইখ ইবনউছাইমীনরাহিমাহুল্লাহ। তিনি বলেছেন:“এটি সাবধানতামূলক অভিমত। এ মত গ্রহণের মাধ্যমে আমরা রোজো থাকা ও ছাড়া উভয় ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করেছি। রোজো পালনের ক্ষেত্রে আমরা তাকে বলব: আপনি রোজো রাখুন। কিন্তু রোজো ছাড়ার ব্যাপারে আমরা তাকে বলব: আপনি রোজো ছাড়বেননা; বরং রোজো রাখতে থাকুন।”সমাপ্ত[আশ-শারহুলমুমতি (৬/৩৩০)]

তৃতীয় মত :

সে ব্যক্তি মাসের শুরু অথবা সমাপ্তি কোন ক্ষেত্রে তার নিজের দেখা অনুসার আমল করবে না। বরং সবার সাথে রোজা রাখবে এবং সবার সাথে রোজা ছাড়বে।

এক বর্ণনামতে এ অভিমতের পক্ষে রয়েছেন ইমাম আহমাদ।শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ এ মতটিকে সমর্থন করেছেন এবং এর সপক্ষে অনেক দলীল পেশ করেছেন।তিনি বলেন:"আর তৃতীয় মত হচ্ছে- সে ব্যক্তি অন্য সব মানুষের সাথে রোজা রাখবেন এবং সবার সাথে রোজা ছাড়বেন। উল্লেখিত মতগুলোর মধ্যে এ মতটি বেশি শক্তিশালী।
এর পক্ষে দলীল হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বাণী:"আপনাদের রোজা হবে সেদিন, যেদিন আপনারা সকলে রোজা রাখেন এবং আপনাদের ঈদ হবে সেদিন যেদিন আপনারা সকলে ঈদ উদযাপন করেন। আর আপনাদের ঈদুল আযহা হবে সেদিন যেদিন আপনারা সকলে পশু কোরবানী করেন।"[হাদিসটি বর্ণনা করেছেন তিরমিযী এবং তিনি বলেছেন: হাদিসটি হাসান-গরীব, এটি আরও বর্ণনা করেছেন আবু দাউদ এবং ইবনে মাজাহ। তিনি শুধু ঈদুল ফিতর ও ঈদুল আযহার প্রসঙ্গ উল্লেখ করেছেন। এবং ইমাম তিরমিযী আব্দুল্লাহ ইবনে জাফরের সূত্রে উসমান ইবনে মুহাম্মদ হতে, তিনি আলমাকবুরি হতে, তিনি আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণনা করেন যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:"রোজা হল সেদিন যেদিন আপনারা সকলে রোজা পালন করেন। ঈদুল ফিতর (রোজা ভঙ্গের ঈদ) হল সেদিন যেদিন আপনারা সকলে রোজা ভঙ্গ করেন। আর ঈদুল আযহা হল সেদিন যেদিন আপনারা সকলে পশু কোরবানী করেন।"তিরমিযী বলেন: এই হাদিসটি হাসান-গরীব। তিনি আরো বলেন:'আলেমগণের মধ্যে অনেকে এই হাদিসটিকে ব্যাখ্যা করতে গিয়ে বলেন:এর অর্থ হল- রোজা শুরু করতে হবে ও ঈদুল ফিতর উদযাপন করতে হবে সম্মিলিতভাবে, সকল মানুষের সাথে।" সমাপ্ত [মাজমূউল ফাতাওয়া (২৫/১১৪)]

তিনি আরও দলীল হিসেবে পেশ করেন যে, কেউ যদি জিলহজ্ব মাসের নতুন চাঁদ একাকী দেখে তবে আলেমগণের কেউ একথা বলেননি যে, (হজ্জ পালনের ক্ষেত্রে) সে একাকী আরাফাতে অবস্থান করবে। তিনি আরো উল্লেখ করেন যে, এই মাসয়ালার মূলভিত্তি হচ্ছে- আল্লাহ তাআলা এই হুকুমকে নতুন চাঁদ ও মাসের সাথে সম্পৃক্ত করেছেন।তিনি বলেন:

(يسألونكعنالأهلةقلهيمواقيتللناسوالحج)

"লোকেরা আপনাকে নতুন মাসের চাঁদ সম্পর্কে জিজ্ঞেস করে। আপনি তাদেরকে বলে দিন এটা মানুষের (বিভিন্ন কাজ-কর্মের) এবং হজ্জের সময় নির্ধারণ করার জন্য।"[২ সূরা আল-বাক্বারা:১৮৯]আয়াতে কারীমাতে আহিল্লাহ(أهلة) শব্দটি হিলাল(هلال) শব্দের বহুবচন। হিলাল বলতে বুঝায়- যা দিয়ে কোন ঘোষণা দেয়া হয় বা কোন কিছু প্রচার করা হয়। তাই আকাশে যদি চাঁদ উদিত হয় আর মানুষ সে সম্পর্কে না জানে এবং তা দিয়ে মাস গণনা শুরু না করে তবে তো তা'হিলাল'হলো না।অনুরূপভাবে شهر(শাহর বা মাস) শব্দটি شهرة (শুহরত বা প্রসিদ্ধি) শব্দ থেকে উদ্ভূত হয়েছে। সুতরাং মানুষের মাঝে যদি প্রসিদ্ধি না পায় তবে তো নতুন মাস শুরু হয়েছে বলে গণ্য করা হবে না। অনেক মানুষ এই মাসয়ালাতে ভুল করেন এই ধারণার কারণে যে, তারা মনে করেন আকাশে নতুন চাঁদ উদিত হলেই তো মাসের প্রথম রাত্রি হিসেবে ধরা হবে- চাই সেটা মানুষের মাঝে প্রচার লাভ করুন অথবা না করুক, তারা এর দ্বারা নতুন মাস গণনা আরম্ভ করুক বা না করুক। কিন্তু ব্যাপারটি এমন

নয়; বরং মানুষের কাছে নতুন চাঁদ প্রকাশিত হওয়া এবং এর দ্বারা তাদের নতুন মাস শুরু করা আবশ্যক। এজন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:

(صومكميومتصومون،وفطركميومتفطرون،وأضحاكميومتضحون)

“আপনাদেররোজা হবে সেদিনযেদিনআপনারাসকলেরোজা পালন শুরু করেন। আপনাদেরঈদহবে সেদিনযেদিনআপনারাসকলেরোজা ভঙ্গকরেন। আরআপনাদেরঈদুলআযহাহবে সেদিনযেদিনআপনারাসকলেপশুকোরবানীকরেন।’’অর্থাৎযেদিনটিকে আপনারারোজা পালন,ঈদুল ফিতর উদযাপনএবংঈদুলআযহা উদযাপনেরদিন হিসেবেজানতে পেরেছেন। আরযদিআপনারাতানা-জানতে পারেন তবেএকারণেআপনাদেরউপরকোনোহুকুমবর্তাবেনা।’’সমাপ্ত[মাজমূলফাতাওয়া (২৫/২০২)]

এইমতানুযায়ীফতোয়াদিয়েছেনশাইখআব্দুলআযিয বিন বায[মাজমূফাতাওয়াআশ-শাইখ(১৫/৭২)]) : وحديث
(الصوميومتصومون...) صححهاالألبانيرحمهااللهفيصحيحسنناالترمذيبرقم 561)

“রোজা হবে সেদিনযেদিনআপনারাসকলেরোজা পালন শুরু করেন...’’হাদিসটিকেআলবানীসহীহসুনানে তিরমিযিগ্রন্থে সহীহবলেচিহ্নিতকরেছেন (৫৬১)।

আরও দেখুন ফকিহবিদগণের মতামত- আল মূগনী (৩/৪৭, ৪৯), আল মাজমূ(৬/২৯০), আল-মাওসুআ আল-ফিক্বহিয়্যাহ (১৮/২৮)] আল্লাহই সবচেয়ে ভাল জানেন।